

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২

করবুক, ১ এপ্রিল, ২০২৪

করবুক মহকুমা ভিত্তিক দোল উৎসব

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পশ্চিম একছড়ি ভিলেজের নিত্য ভক্তি সংঘের সহযোগিতায় সম্প্রতি নিত্য ভক্তি আশ্রমে করবুক মহকুমা ভিত্তিক দোল উৎসব উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরী সমাজের বিশিষ্ট ব্যক্তিত্ব লোচনকৃষ্ণ ত্রিপুরা। উদ্বোধক শ্রী ত্রিপুরা বক্তব্য রাখতে গিয়ে বলেন, সামাজিক রীতিনীতির পাশাপাশি দোল বা বসন্ত উৎসব সমাজের সকল অংশের মানুষের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় করতে সহায়তা করে। তিনি বলেন, দোল বা হোলি উৎসব এখন জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকলের কাছে এক মিলন উৎসবে পরিণত হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন করবুক মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সুপেশ ত্রিপুরা, নিতাই নন্দ মুড়াসিং, জগমধু উচই, রাজেন্দ্র উচই, পদ্মকঞ্চন ত্রিপুরা প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে আশ্রম প্রাঙ্গণে এলাকার শিল্পীগণ নৃত্য ও বসন্তের গান, কীর্তন পরিবেশন করেন এবং আবির্ খেলার মাধ্যমে উৎসবটি উদযাপন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিত্য ভক্তি আশ্রমের পুরোহিত চন্দ্র হরি উচই।
